কালের কণ্ঠ

তারিখ 24 DEC 2015
পৃষ্ঠা ৬ কলাম ৬

খুলনা জেলা ছাত্রলীগ

# আংশিক কমিটিতে চার বছর পার

খুলনা অফিস ▷

প্রায় চার বছরেও পূর্ণাঙ্গ কমিটি পায়নি খুলনা জেলা ছাত্রলীগ। কেন্দ্রীয় কমিটিতে একাধিকবার পূর্ণাঙ্গ কমিটির তালিকা পাঠালেও সেই চেষ্টা ভেস্তে গেছে। আংশিক কমিটির মেয়াদও শেষ। এ অবস্থায় নতুন কমিটির দাবি তুলেছেন কেউ কেউ। অবশ্য কারো কারো দাবি—নতুন নয়, পূর্ণাঙ্গ কমিটি হলেই চলবে।

জেলা ছাত্রলীগ সূত্রে জানা গেছে, ২০১২ সালের জানুয়ারিতে সম্মেলন ছাড়াই কেন্দ্র থেকে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১৫ সদস্যের জেলা ছাত্রলীগের আংশিক কমিটি ঘোষণা করা হয়। এরপর আর ওই কমিটি পূর্ণাঙ্গ রূপ পায়নি। ফলে উপজেলা কমিটিগুলোর অবস্থাও বেহাল; স্থবির হয়ে পড়েছে সাংগঠনিক কার্যক্রমও।

## শোক

### অ্যাডভোকেট এ কে এম আলাউদ্দিন আজাদ



ময়মনসিংহের গফরগাঁওয়ের বিরই গ্রামের বাসিন্দা অ্যাডভোকেট এ কে এম আলাউদ্দিন আজাদ ২০ ডিসেম্বর ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি...রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। তিনি স্ত্রী প্রিন্সিপাল (অব.) রওশন আজাদ, দুই মেয়ে লে. কর্নেল (ডা.) রওনক আজাদ এ্যানি ও অস্ট্রেলিয়াপ্রবাসী ডা. আসমা আজাদ সুমনা, দুই জামাতা, চার নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। সংবাদ বিজ্ঞপ্তি।

### দিলারা বেগম

দৈনিক কালের কণ্ঠের নেত্রকোনা প্রতিনিধি মিজানুর রহমান নান্নুর ছোট বোন দিলারা বেগম গত মঙ্গলবার সন্ধ্যায় নেত্রকোনার সাতপাই রেলক্রসিং এলাকার নিজ বাসভবনে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি...রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৪৭ বছর। গতকাল বুধবার জানাজা শেষে পৌর কবরস্থানে তাঁর লাশ দাফন করা হয়। তিনি মা, ভাই-বোন, আত্মীয়স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। নেত্রকোনা প্রতিনিধি।